

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৪০১

আগরতলা, ২৭ সেপ্টেম্বর, ২০২৪

মাছমারা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে চার কেজি দুইশত
গ্রাম ওজনের সুস্থ শিশুর স্বাভাবিক প্রসব

চিকিৎসক সহ স্বাস্থ্য কর্মীরা জনগণের স্বাস্থ্য সুরক্ষায় নিরন্তর প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। ঊনকোটি জেলার অধীন মাছমারা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের অন্তর্গত কেসিটি পাড়া এলাকার ১৯ বছর বয়সি হজলি চাকমার গত ২৬ সেপ্টেম্বর ২০২৪ প্রসব ব্যথা উঠে। তখন মহিলার অভিভাবকরা মহিলাকে স্থানীয় মাছমারা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে নিয়ে যান। এই স্বাস্থ্য কেন্দ্রের চিকিৎসক ডাঃ মনিদীপ দেওয়ান মহিলার প্রাথমিক পরীক্ষা-নিরীক্ষা করে দ্রুত এই স্বাস্থ্যকেন্দ্রেই প্রসব করানোর উদ্যোগ গ্রহণ করেন। তারপর ডাঃ মনিদীপ দেওয়ান নার্সিং অফিসার পিঙ্কি চাকমাকে সঙ্গে নিয়ে মহিলাকে স্বাভাবিক প্রসব করান, যা অত্যন্ত উচ্চঝুঁকি সম্পন্ন ছিল। মহিলার চার কেজি দুইশত গ্রাম ওজনের একটি সুস্থ স্বাভাবিক কন্যা সন্তানের জন্ম হয়। এই ধরনের প্রসব যেখানে অস্ত্রোপচার ছাড়া অসম্ভব, সেখানে সীমিত ব্যবস্থার মধ্যেও মাছমারা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের চিকিৎসক ডাঃ মনিদীপ দেওয়ান ঝুঁকি নিয়ে যে ভাবে স্বাভাবিক ও সফল প্রসব করিয়েছেন, তা নিঃসন্দেহে প্রশংসনীয়। প্রসবের পর বর্তমানে মা ও শিশু দুজনেই সুস্থ ও স্বাভাবিক আছে। এই সফল প্রসবে মহিলার পরিবার পরিজনেরা স্বাস্থ্যকেন্দ্রের চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীদেরকে ধন্যবাদ জ্ঞাপন করেন ও কৃতজ্ঞতা প্রকাশ করেন। পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক দপ্তর থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।
